

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ  গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, অক্টোবর ১৯, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ০২ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ/১৮ অক্টোবর ২০২২ খ্রিষ্টাব্দ

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৬২.০২২.২২.২৫৩—যুক্তরাজ্যের রানি দ্বিতীয় এলিজাবেথ গত ০৮ সেপ্টেম্বর ২০২২ তারিখে মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৯৬ বছর।

২। বাংলাদেশের এ পরম হিতৈষীর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশসহ প্রয়াত রানি দ্বিতীয় এলিজাবেথের শোকসন্তপ্ত পুত্র বর্তমান রাজা ও রাজ পরিবারের সদস্যদের জন্য এ অপূরণীয় ক্ষতি সইবার ধৈর্য ও শক্তি কামনাসহ আন্তরিক সমবেদনা জ্ঞাপন করে মন্ত্রিসভার ২৫ আশ্বিন ১৪২৯/১০ অক্টোবর ২০২২ তারিখের বৈঠকে একটি শোকপ্রস্তাব গ্রহণ করা হয়।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত শোকপ্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ সামসুল আরেফিন

সচিব (সমন্বয় ও সংস্কার)

মন্ত্রিপরিষদ সচিবের রুটিন দায়িত্বে

(১৬৭৩১)

মূল্য : টাকা ৪.০০

মন্ত্রিসভার শোকপ্রস্তাব

২৫ আশ্বিন ১৪২৯

ঢাকা: -----

১০ অক্টোবর ২০২২

যুক্তরাজ্যের রানি দ্বিতীয় এলিজাবেথ গত ০৮ সেপ্টেম্বর ২০২২ তারিখে মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৯৬ বছর।

রানি দ্বিতীয় এলিজাবেথ ১৯২৬ সালে লন্ডনের মেফেয়ারে জন্মগ্রহণ করেন। ব্রিটিশ প্রধানমন্ত্রী উইনস্টন চার্চিলের দায়িত্ব পালনকালে রানি দ্বিতীয় এলিজাবেথের পিতা রাজা ষষ্ঠ জর্জের মৃত্যু হয়। মাত্র ২৫ বছর বয়সে তাঁর পিতার মৃত্যু পরবর্তী উত্তরাধিকারী হিসাবে তিনি ব্রিটিশ রাজত্বের রানির দায়িত্ব গ্রহণ করেন। রানি হিসাবে তিনি সুদীর্ঘ সাত দশক সুনিপুণভাবে রাজকার্য পরিচালনার অনন্য ইতিহাস সৃষ্টি করেন। যুক্তরাজ্য ছাড়াও ১৪টি দেশ ও অঞ্চলের রানি এবং ৫৪ সদস্যের জোট কমনওয়েলথের প্রধান ছিলেন রানি এলিজাবেথ। এককথায় রানি দ্বিতীয় এলিজাবেথ ছিলেন বিশ্বের সর্বাধিক পরিচিত রাজতন্ত্রের প্রতিভূ। রানি দ্বিতীয় এলিজাবেথের অধীনে উইনস্টন চার্চিলসহ মোট ১৬ জন প্রধানমন্ত্রী দায়িত্ব পালন করেন এবং সর্বশেষে তাঁর হাতে পঞ্চদশ প্রধানমন্ত্রী হিসাবে লিজ ট্রাস নিয়োগ প্রাপ্তির মাত্র ৪৮ ঘণ্টা পর তাঁর জীবনাবসান ঘটে।

রানি দ্বিতীয় এলিজাবেথ দ্বিতীয় বিশ্বযুদ্ধসহ ইতিহাসের অসংখ্য ঘটনা প্রত্যক্ষ করেছেন; বিশেষ করে বিশ্বব্যাপী প্লেগ ও করোনা অতিমারির ধকল কাটিয়ে ওঠার মানবিক সংগ্রাম, জাতিসংঘের প্রতিষ্ঠা, মহাকাশ বিজয়, প্রযুক্তির অভাবনীয় অগ্রগতি ইত্যাদি।

রানি দ্বিতীয় এলিজাবেথ তাঁর কর্মপরিধির বাইরেও সক্রিয় ছিলেন নানাবিধ সেবা ও মানবিক কর্মে, পৃষ্ঠপোষকতা করেছেন ছয় শতাধিক দাতব্য প্রতিষ্ঠানের। এসব কর্মকুশলতায় তিনি বিশ্ববাসীর হৃদয় জয় করেছিলেন। বিশ্বের অসংখ্য দেশ তিনি ভ্রমণ করেছেন। রানির দায়িত্ব গ্রহণ করার পরের বছরই তিনি স্বামীর সঙ্গে অস্ট্রেলিয়া, নিউজিল্যান্ডসহ প্রায় ৪০ হাজার কিলোমিটার ভ্রমণ করেছিলেন আকাশ ও সমুদ্রপথে। রানি দ্বিতীয় এলিজাবেথ দুই বার বাংলাদেশ সফর করেন। এছাড়া, স্বাধীনতার সুবর্ণজয়ন্তীতে বাংলাদেশের জনগণকে অভিনন্দন জানিয়ে তিনি এক আবেগময় বার্তা প্রেরণ করেন ‘বন্ধুত্ব আর ভালোবাসাই আমাদের বন্ধন গড়ে দিয়েছে, যা আমাদের অংশীদারিত্বের ভিত্তি, সেটা পঞ্চাশ বছর আগে যেমন ছিল, এখনও ততটাই গুরুত্বপূর্ণ।’ এই বার্তার মাধ্যমে বাংলাদেশের সঙ্গে তাঁর সম্পৃক্ততা এবং সদয় মনোভাব জনগণের হৃদয় ছুঁয়েছিল।

বাংলাদেশ ও ব্রিটেনের মধ্যে দ্বিপক্ষীয় সম্পর্ক জোরদারে রানি দ্বিতীয় এলিজাবেথ-এর অসামান্য অবদান এদেশের জনগণ শ্রদ্ধার সঙ্গে স্মরণ করছে। উল্লেখ্য, বাংলাদেশ সরকার কর্তৃক রানি দ্বিতীয় এলিজাবেথ-এর মৃত্যুতে গত ০৯ সেপ্টেম্বর হতে ১১ সেপ্টেম্বর ২০২২ তারিখ পর্যন্ত তিন দিন দেশব্যাপী রাষ্ট্রীয় শোক পালন করা হয়। এছাড়া, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও তাঁর ছোট বোন শেখ রেহানা গত ১৮ সেপ্টেম্বর ২০২২ তারিখে ওয়েস্টমিনস্টার প্যালেসে রানি এলিজাবেথের কফিনে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন এবং ল্যান্ডাফোর্ড হাউসে রক্ষিত শোক বইতে স্বাক্ষর করেন।

ব্রিটেনের রানি দ্বিতীয় এলিজাবেথের সঙ্গে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, তাঁর জ্যেষ্ঠ কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও কনিষ্ঠ কন্যা শেখ রেহানারও সাক্ষাৎ হয়েছিল। বাংলাদেশ স্বাধীনতা অর্জনের পর রাষ্ট্রপ্রধান হিসাবে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান লন্ডনের বাকিংহাম প্যালেসে রানি দ্বিতীয় এলিজাবেথ ও প্রিন্স ফিলিপের সঙ্গে সাক্ষাৎ করেন। এছাড়া, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০১৮ সালে লন্ডনে রানি ও প্রিন্স চার্লসের সঙ্গে সাক্ষাত করেন।

মন্ত্রিসভা বাংলাদেশের এ পরম হিতৈষীর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করছে একইসঙ্গে প্রয়াত রানি দ্বিতীয় এলিজাবেথের শোকসন্তপ্ত পুত্র বর্তমান রাজা ও রাজ পরিবারের সদস্যদের জন্য এ অপূরণীয় ক্ষতি সইবার ধৈর্য ও শক্তি কামনাসহ আন্তরিক সমবেদনা জ্ঞাপন করছে।